



## মিটফোর্ডে সোহাগ হত্যায় জড়িতদের গ্রেফতারে ছাত্রদলের জোর দাবি



ছাত্রদলের সাধারণ সম্পাদক নাছির উদ্দীন: সংগৃহীত ছবি

চকবাজারে ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগ (৩৯) হত্যা মামলায় জড়িতদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন জাতীয়তাবাদী ছাত্রদলের সাধারণ সম্পাদক নাছির উদ্দীন। শুক্রবার (১১ জুলাই) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ দাবি জানান।

বিবৃতিতে নাছির উদ্দীন বলেন, "অপরাধী যে-ই হোক না কেন, দলীয় বা রাজনৈতিক পরিচয়ের আড়ালে কেউ যেন আইনের হাত থেকে রেহাই না পায়। খুনি সন্ত্রাসীদের কঠোর শাস্তি নিশ্চিত করতে হবে। তদন্তে কোনো ধরনের গাফিলতি বরদাশতযোগ্য নয়।"

তিনি আরও বলেন, "ভিকটিমের পরিবারকে নিরাপত্তা ও আইনি সহায়তা নিশ্চিত করতে হবে। পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোর অবস্থান নিতে হবে, যাতে ভবিষ্যতে কেউ এ ধরনের নৃশংসতায় জড়াতে সাহস না পায়।"

ছাত্রদল নেতা স্পষ্ট করে জানান, বিএনপি ও তার অঙ্গ-সহযোগী সংগঠনের কেউ অপরাধীকে আশ্রয় দিলে তাদেরও প্রতিহত করা হবে। "আমরা অপরাধী নয়, ন্যায়বিচারের পক্ষে"— এমন বার্তাই সংগঠনের পক্ষ থেকে দিতে চাই।

উল্লেখ্য, গত ৯ জুলাই সন্ধ্যায় রাজধানীর মিটফোর্ড হাসপাতালের সামনে সোহাগকে নির্মমভাবে হত্যা করা হয়। প্রকাশ্যে তাকে পিটিয়ে এবং ইট-পাথর দিয়ে মাথা ঝেঁতলে মৃত্যু নিশ্চিত করা হয়। ঘটনার ভয়াবহ ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে দেশজুড়ে চাঞ্চল্য তৈরি হয়।